

বিএমইটির প্রশিক্ষণ উইং

বিএমইটির অধীনে বর্তমানে ৬টি ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজী (আইএমটি) এবং ৬৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)সহ মোট ৭০ প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। এসকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা কোর্স, ২ বছর মেয়াদী সার্টিফিকেট কোর্স, ১ বছর মেয়াদী সার্টিফিকেট কোর্স, এসএসসি ভোকেশনাল কোর্স ও স্বল্পমেয়াদী বিভিন্ন কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। বিএমইটির প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা, পরিকল্পনা প্রণয়ন ও সম্প্রসারণ নিম্নবর্ণিত দু'টি শাখার মাধ্যমে সম্পন্ন করা হয়:

- ১। প্রশিক্ষণ পরিচালনা শাখা
- ২। প্রশিক্ষণ মান ও পরিকল্পনা শাখা

১। প্রশিক্ষণ পরিচালনা শাখার কার্যক্রম :

- প্রশিক্ষণ কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়ন এবং প্রশিক্ষণ কেন্দ্রসমূহের প্রাপ্ত সুযোগ সুবিধার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ।
- সরকারী, বেসরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক Demand Driven Course/ Modular Course পরিচালনার জন্য চুক্তি সম্পাদন এবং সে মোতাবেক কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে নির্দেশনা প্রদান।
- Public Private Partnership (PPP) এর আওতায় বিভিন্ন সরকারী, বেসরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সাথে Memorandum of Understanding (MoU) এর মাধ্যমে যৌথ উদ্যোগে প্রশিক্ষণ প্রদান।
- প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের সার্বিক প্রশিক্ষণ বিষয়ে মনিটরিং কার্যক্রম এবং প্রশিক্ষার্থীদের দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের ব্যবস্থা করার উদ্যোগ গ্রহণ।
- বিএমইটি কর্তৃক প্রণীত কারিকুলাম অনুসরণে পরিচালিত কোর্সের সনদায়ন।
- বিদেশগামী কর্মীদের বিদেশ গমনের পূর্বে ট্রেড টেস্ট গ্রহণ বা দক্ষতা যাচাইকরণ।
- বিএমইটির অধীনস্থ প্রশিক্ষণ কেন্দ্রসমূহে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধির জন্য দেশে ও বিদেশে সময়পোযোগী প্রশিক্ষণ প্রদান।
- জাতীয় পর্যায়ে গৃহীত কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম এবং নীতিমালাসমূহ বাস্তবায়ন ও সম্পাদন।
- ৬৫টি প্রতিষ্ঠানে বাধ্যতামূলক প্রাক-বর্হিগমন প্রশিক্ষণ, ৩৪টি প্রতিষ্ঠানে হাউজকিপিং কোর্সে প্রশিক্ষণ প্রদানসহ উন্নত দেশের বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে এক্রেডিটেশন এর ব্যবস্থা গ্রহণ।
- যুক্তরাজ্য ভিত্তিক আন্তর্জাতিক সনদায়ন প্রতিষ্ঠান City & Guilds এর কারিকুলাম ও সনদায়নের আওতায় ৬টি ভিন্ন ভিন্ন ট্রেডে ৬টি টিটিসিতে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে।
- Skills and Training Enhancement Project (STEP) ও Skills for Employment Investment Program (SEIP) এর সহায়তায় বিভিন্ন টিটিসিতে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা।
- বেসরকারি প্রতিষ্ঠান Practical Action, Bangladesh এর সহায়তায় রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা ও লালমনিরহাট টিটিসিতে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রায় শতভাগ কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণ।
- এনজিও, ট্রেড বডি ও বিভিন্ন উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান (ILO, World Bank, ADB, IDB ইত্যাদি) -এর সহায়তায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা।
- ILO -এর সহায়তায় ৮টি ট্রেডে কম্পিটেন্সি বেইজড কারিকুলাম প্রণয়ন ও সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষণ প্রদান।

- LG Butterfly ও বিএমইটির মধ্যে স্বাক্ষরিত MoU -এর মাধ্যমে রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং ট্রেডে অধিকতর উন্নত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বিকে টিটিসি ঢাকায় উন্নত যন্ত্রপাতি স্থাপনের মাধ্যমে একটি আধুনিক রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং ওয়ার্কশপ স্থাপন ও সিঙ্গাপুরে সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষকদের প্রশিক্ষণ প্রদান।

২। প্রশিক্ষণ মান ও পরিকল্পনা শাখার কার্যক্রম :

- উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন-
 - ক) প্রকল্প সারপত্র প্রণয়ন
 - খ) প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও
 - গ) প্রকল্প প্রস্তাব পরিকল্পনা কমিশন ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে অনুমোদন গ্রহণ।
- প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে বিভিন্ন জেলায় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) ও ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজী (আইএমটি) স্থাপন।
- প্রকল্প গ্রহণের মাধ্যমে উপজেলা পর্যায়ে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) স্থাপনের পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন। প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ৪৩৯টি উপজেলায় পর্যায়ক্রমে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) স্থাপন।
- প্রশিক্ষণ মান নিয়ন্ত্রণ, কারিকুলাম প্রণয়ন।
- টিটিসিসমূহে পরিচালিত নিয়মিত কোর্সে প্রশিক্ষণরত প্রশিক্ষার্থীদের বৃত্তি প্রদান প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।
- জাতীয় দক্ষতা উন্নয়ন কার্যক্রম পরিচালনা।
- যুগপোযোগী নতুন নতুন প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও অনুমোদনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ।
- সমাপ্ত উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।